খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ
খুলনা।

| | | |
|---|---|---|
| বিষয় | : | **কেডিএ'র নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ৩য় ত্রৈ-মাসিক ( জানুয়ারি /২০২১-মার্চ/২০২১) এর সভার কার্যবিবরণী।** |
| সভাপতি | : | ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাহবুবুল ইসলাম, চেয়ারম্যান, কেডিএ, খুলনা। |
| তারিখ ও সময় | : | ২২ মার্চ/২০২১ বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | : | কেডিএ সম্মেলন কক্ষ। |

সভায় নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেন।

| | | |
|---|---|---|
| ১। | পরিচালক ( প্রশাসন ও ব্যবস্থাপনা), কেডিএ, খুলনা। | - সদস্য |
| ২। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কেডিএ ,খুলনা | - সদস্য |
| ৩। | অর্থ ও হিসাব রক্ষণ অফিসার ,কেডিএ, খুলনা | - সদস্য |
| ৪। | জনাব মো: মামুনুল আবেদীন, উপ-পরিচালক (বাজেট ও নিরীক্ষা) কেডিএ, খুলনা। | - সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৫। | জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী , কেডিএ, খুলনা | - বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা |
| ৬। | জনাব মোঃ নাজমুল হুদা, সহকারী প্রোগ্রামার,কেডিএ,খুলনা | - সদস্য |

সভাপতি সভার শুরুতে উপস্থিত সকলকে স্বাগত জানান। মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর প্রতি দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত কাঠামোর ৩য় ত্রৈ-মাসিক (জানুয়রি/২০২১-মার্চ/২০২১) এর কার্যক্রমের উপর আলোচনা উপস্থাপন করার জন্য সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে অনুরোধ করেন।

| <u>আলোচ্য সূচী নং- ০১</u> | <u>মন্তব্য/বাস্তবায়ন</u> |
|---|---|
| বিগত ২২/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরের ২য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণ এবং কার্যক্রম বাস্তবায়ন ।<br><br><u>আলোচনাঃ</u><br><br>সভাপতি বিগত ২২/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরে ২য় ত্রৈ-মাসিক সভার কার্যবিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ নিশ্চিত করণের বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br><br><u>সিদ্ধান্তঃ</u><br><br>বিস্তারিত আলোচনার পর ২২/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত নৈতিকতা কমিটির ২০২০-২০২১ অর্থ বছরে ২য় ত্রৈ-মাসিক সভার কার্য বিবরণীতে গৃহীত সিদ্ধান্ত সমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো। | দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ<br>**প্রমাণকঃ**<br>সভার সিদ্ধান্ত, শুদ্ধাচার কার্যক্রম ও সময় সময় কমিটি কর্তৃক চাহিত মোতাবেক তথ্যাদি। |
| <u>আলোচ্য সূচী নং- ০২</u> **প্রাতিষ্ঠানিক ব্যবস্থা (কার্যক্রম ১.১-১.২)**<br><br>নৈতিকতা কমিটির সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন ।<br><u>আলোচনাঃ</u><br>প্রতি ত্রৈ-মাসিকে নৈতিকতা কমিটির সভা লক্ষ্যমাত্রা অনুযায়ী অনুষ্ঠানের বিষয়ে সভায় আলোচনা হয়। কেডিএতে শুদ্ধাচার প্রতিষ্ঠার জন্য উক্ত সভা প্রতি ত্রৈ-মাসিকের প্রথমার্ধে অনুষ্ঠানের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করা জরুরী মর্মেও সকলে একমত পোষণ করেন। | নৈতিকতা কমিটি ও দায়িত্বপ্রাপ্ত সকল ব্যক্তি/পদ |

| | |
|---|---|
| <u>সিদ্ধান্তঃ</u><br>বিস্তারিত আলোচনার পর নৈতিকতা কমিটির সভা যথারীতি প্রতি ত্রৈ-মাসিকের প্রথমার্ধে অনুষ্ঠান এবং সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রতিবেদন প্রস্তুত করার সিদ্ধান্ত গৃহীত হলো । | |
| <u>আলোচ্য সূচী নং- ০৩</u> **দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন (কার্যক্রম ২.১-২.২)**<br>সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে অংশীজনের অংশগ্রহণে সভা ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন।<br><u>আলোচনাঃ</u><br>সুশাসন প্রতিষ্ঠার নিমিত্তে বর্তমান ত্রৈ-মাসিকে (জানুয়রি/২১- মার্চ/২১ ) কেডিএ'র অথরাইজড শাখা ও পরিকল্পনা শাখা অংশীজনদের নিয়ে সভা করেছেন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত করেছেন ও সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করা হচ্ছে মর্মে প্রতিবেদন দাখিল করেছেন । তাছাড়া কার্যবিবরণীর সিদ্ধান্ত অনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করতে হবে মর্মে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br><u>সিদ্ধান্তঃ</u><br>বিস্তারিত আলোচনার পর বর্তমান ত্রৈ-মাসিকে (জানুয়রি/২১- মার্চ/২১ ) কেডিএ'র অথরাইজড শাখা ও পরিকল্পনা শাখা অংশীজনদের নিয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রয়োজনীয় প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার<br>**প্রমাণকঃ** সভার কার্যবিবরণী ও সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন। |
| <u>আলোচ্য সূচী নং- ০৪</u> **দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন (কার্যক্রম ২.৩-২.৪)**<br>কর্মকর্তা-কর্মচারিদের অংশগ্রহণে চাকরি ও সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজন।<br><u>আলোচনাঃ</u><br>কর্তৃপক্ষে কর্মরত জনবলকে প্রশিক্ষণের দ্বারা আরো দক্ষ করার বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br><u>সিদ্ধান্তঃ</u><br>কর্তৃপক্ষে কর্মরত জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য লক্ষ্যমাত্রা অনুয়ায়ী প্রতি ত্রৈ-মাসিকে প্রশাসন ও সাধারণ শাখা কর্তৃক চাকুরী সংক্রান্ত প্রশিক্ষণ এবং নৈতিকতা কমিটি কর্তৃক সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের আয়োজন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | নৈতিকতা কমিটি<br>ও<br>উপ-পরিচালক<br>( প্রশাসন )<br>প্রমাণকঃ উপস্থিতি,<br>ছবি<br>ও প্রশিক্ষণের নোটিশ |
| <u>আলোচ্য সূচী নং- ০৫</u> **শুদ্ধাচার প্রতিষ্ঠার সহায়ক আইন/বিধি/নীতিমালা/ম্যানুয়াল ও প্রজ্ঞাপন/পরিপত্র এর বাস্তবায়ন এবং খসড়া প্রণয়ন (কার্যক্রম ৩.১-৩.২)।**<br>ইমারত নির্মাণ বিধিমালা অনুয়ায়ী কার্যক্রম গ্রহণ ও বেসরকারী আবাসিক প্রকল্পের বিষয়ে উদ্যোক্তা/ পরামর্শক ব্যক্তি বা প্রতিষ্ঠান ও প্রকল্প অনুমোদন প্রক্রিয়া বাস্তবায়ন।<br><u>আলোচনাঃ</u><br>কেডিএ'র আওতাধীন এলাকার অবৈধ স্থাপনা অপসারণের জন্য এলাকা ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে প্রশাসনের সহায়তায় অপসারণ কার্যক্রম চলমান আছে এবং বেসরকারী আবাসিক প্রকল্প নিবন্ধনের বিষয়ে প্রতিবেদন চূড়ান্ত করার বিষয়ে সভায় আলোচনা হয়। প্রশাসনিক সহায়তা নিয়ে অবৈধ স্থাপনা লক্ষ্যমাত্রা অনুযায়ী উচ্ছেদ অভিযান চলমান রাখার এবং বেসরকারী আবাসিক প্রকল্পের পক্ষ থেকে প্রাপ্ত | অথরাইজড অফিসার<br>ও<br>পরিকল্পনা অফিসার |

| | |
|---|---|
| আবেদনগুলির বিষয়ে পরিকল্পনা শাখা প্রয়োজনীয় সুপারিশসহ চূড়ান্ত অনুমোদন সংগ্রহ করবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন ।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার কেডিএ'র আওতাধীন এলাকার অবৈধ স্থাপনা অপসারণের জন্য এলাকা ভিত্তিক লক্ষ্যমাত্রা নির্ধারণ করে প্রশাসনের সহায়তায় অপসারণ কার্যক্রম চলমান রাখার এবং বেসরকারী আবাসিক প্রকল্প উদ্যোক্তাগণের পক্ষ থেকে প্রাপ্ত আবেদনগুলির বিষয়ে পরিকল্পনা শাখা প্রয়োজনীয় সুপারিশসহ চূড়ান্ত অনুমোদন সংগ্রহ করে তার প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | |
| **আলোচ্য সূচী নং- ০৬ ওয়েবসাইটে সেবাবক্স হালনাগাদকরণ (৪.১-৪.৫)।**<br><br>**আলোচনাঃ**<br>কেডিএ'র ওয়েবসাইটে স্থাপিত সেবাবক্সে তথ্যাদি সন্নিবেশিত আছে সেগুলি হালনাগাদ আকারে (জানুয়রি/২১- মার্চ/২১ ত্রৈ-মাসিকে ) সন্নিবেশ করা হয়েছে মর্মে কম্পিউটার সেল থেকে রিপোর্ট প্রদান করা হয়েছে । এভাবে প্রত্যেক ত্রৈ-মাসিকে লক্ষমাত্রা অনুযায়ী ওয়েবসাইট হালনাগাদ করতে হবে মর্মে উপস্থিত সকলে একমত পোষণ করেন।<br>**সিদ্ধান্তঃ**<br>কেডিএ'র ওয়েবসাইটে স্থাপিত সেবাবক্সে তথ্যাদি হালনাগাদ অব্যহত রাখতে হবে এবং যে সকল বিষয়ে লক্ষ্যমাত্রা নির্ধারিত আছে সে গুলিসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে ওয়েবসাইট হালনাগাদ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।তাছাড়া ওয়েব সাইটে আপলোডযোগ্য তথ্যাদির কপি প্রশাসন ও সাধারণ শাখা কর্তৃক কম্পিউটার সেলে ফরোয়ার্ডিং করতে হবে এবং প্রমাণক নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হলো । | সহকারী প্রোগ্রামার<br><br>ও<br>উপ-পরিচালক<br>( প্রশাসন ) |
| **আলোচ্য সূচী নং- ০৭ সুশাসন প্রতিষ্ঠা ( ৫.১-৫.২ )**<br>**আলোচনাঃ**<br>মন্ত্রণালয়ে প্রেরিত কেডিএ'র উত্তম চর্চার তালিকার আইটেমসমুহ সঠিকভাবে পালন করার এবং অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তিকরণের বিষয়ে সভায় আলোচনা করা হয় ।আলোচনান্তে উত্তম চর্চার তালিকা বাস্তবায়ন করার এবং অনলাইন সিস্টেমে অভিযোগ নিষ্পত্তির প্রয়োজনীয় কার্যক্রম করার বিষয়ে সবাই একমত পোষণ করেন ।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর কেডিএ'র উত্তম চর্চার তালিকা বাস্তবায়ন করার এবং অনলাইন সিস্টেমে অভিযোগ ন্পিত্তির প্রয়োজনীয় কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হলো । | উপ-পরিচালক<br>( প্রশাসন )<br>ও<br>সংশ্লিষ্ট শাখা |
| **আলোচ্য সূচী নং- ০৮ প্রকল্পের শুদ্ধাচার (৬.১-৬.৩)**<br><br>**আলোচনাঃ**<br>প্রকল্প সমূহের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের এডিপি বাস্তবায়ন অগ্রগতি পরিদর্শন ও পরিদর্শন প্রতিবেদনে সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন প্রস্তুত করা আবশ্যক মর্মে সভায় সকলে একমত পোষণ করেন ।<br><br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর প্রকল্প সমূহের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুযায়ী প্রকল্প পরিদর্শন করে প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন চেয়ারম্যান, কেডিএকে প্রদান করতে হবে এবং নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | সংশ্লিষ্ট প্রকল্প<br>পরিচালক<br>ও<br>নির্বাহী প্রকৌশলী<br>( প্রকল্প ) |

| | |
|---|---|
| <u>আলোচ্য সূচী নং- ০৯ ক্রয়ক্ষেত্রে শুদ্ধাচার ( ৭.১-৭.২ )</u><br><u>আলোচনা ০ঃ</u><br><br>বিভিন্ন কার্য ও সেবা ক্রয়ের ক্ষেত্রে অর্থ বছরের প্রারম্ভে বার্ষিক ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ ও ই-টেন্ডারিং এর মাধ্যমে ক্রয়কার্য সম্পাদন করার নির্দেশনা রয়েছে । ২০২০-২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে। ক্রয় পরিকল্পনা মোতাবেক ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে মর্মে সভায় সকলে একমত পোষণ করেন ।<br>**সিদ্ধান্তঃ**<br>বিস্তারিত আলোচনার পর ২০২০-২১ অর্থবছরের ক্রয় পরিকল্পনা মোতাবেক ই-টেন্ডারের মাধ্যমে ক্রয় কার্য সম্পন্ন করতে হবে এবং চাহিত প্রমাণকসহ প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | সকল ক্রয়কারী<br>কর্মকর্তা<br>ও<br>সংশ্লিষ্ট টেন্ডার<br>আহবানকারী<br>প্রমাণকঃ<br>অফিস আদেশ, ই-টেন্ডারিং নোটিশ. স্ব স্ব ওয়েব সাইড ও সিপিটিউ এর তথ্য |
| <u>আলোচ্য সূচী নং- ১০</u> **স্বচ্ছতা ও জবাবদিহিতা শক্তিশালী করণ (৮.১-৮.৩)**<br><br><u>আলোচনাঃ</u><br>মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক কমিটি গঠন করে সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করতে হবে ও শাখা পরিদর্শন প্রতিবেদন নির্দিষ্ট ফরম্যাটে প্রস্তুত করতে হবে এবং সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ করতে হবে মর্মে সভায় আলোচনা হয় ।তাছাড়া কোন কোন শাখার পরিদর্শন প্রতিবেদন রিপোর্টে কোন সুপারিশ থাকে না বা সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদনও দেখা যায় না । ফলে শাখা পরিদর্শন প্রতিবেদন অসম্পূর্ণ থেকে যায় । তাই শাখা পরিদর্শন প্রতিবেদনে সুপারিশ এবং সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন থাকা আবশ্যক মর্মে সভায় আলোচনা করা হয় ।<br><u>সিদ্ধান্তঃ</u><br>বিস্তারিত আলোচনার পর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণের জন্য কমিটি গঠন করার এবং পরিদর্শন প্রতিবেদন ও প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রস্তত করে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-পরিচালক<br>(প্রশাসন ) এবং<br>সেবা প্রদানকারী শাখা<br>ও<br>সকল শাখা প্রধান<br>প্রমাণকঃ কমিটির সভার কার্যবিবরণী,শাখা পরিদর্শন প্রতিবেদন ও পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ বাস্তবায়ন প্রতিবেদন |
| <u>আলোচ্য সূচী নং- ১১</u> **নথি শ্রেণী বিন্যাস, বিনষ্টকরণ ও গণশুনানী (৮.৪-৮.৬)**<br><br><u>আলোচনাঃ</u><br>সচিবালয় নির্দেশমালা অনুযায়ী নথি শ্রেণি বিন্যাস করার ও বিনষ্টযোগ্য নথির তালিকা প্রস্তত করে নথিসমূহ নিচ তলায় জমা করা হয়েছে । উক্ত নথিসমূহ বিনষ্টের জন্য উপ-পরিচালক ( প্রশাসন ) কর্তৃক তারিখ নির্ধারণ করে নথি বিনষ্টের বিষয়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয় । প্রাতিষ্ঠানিক গণশুনানী লক্ষ্যমাত্রা অনুযায়ী আয়োজন অব্যাহত রাখার এবং সভার কার্যবিবরণী নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করা উচিৎ মর্মে সভায় আলোচনা করা হয়<br><br><u>সিদ্ধান্তঃ</u><br>সচিবালয় নির্দেশমালা-২০১৪ অনুযায়ী নথিসমূহ বিনষ্টের জন্য উপ-পরিচালক ( প্রশাসন ) কর্তৃক তারিখ নির্ধারণ করে নথি বিনষ্টের বিষয়ে কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং লক্ষমাত্রা অনুযায়ী সংশ্লিষ্ট শাখাসমূহ গণশুনানী সম্পন্ন করে কার্যবিবরণী প্রকাশ ও তদনুযায়ী বাস্তবায়ন প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | উপ-পরিচালক<br>( প্রশাসন )<br>এবং<br>সিনিয়র বৈষয়িক অফিসার, অথরাইজড অফিসার ও পরিকল্পনা অফিসার<br>প্রমাণকঃ রেজিস্ট্রার , ই-নথির তথ্য, বিনষ্টকৃত নথির তালিকা , নোটিশ, পত্র, ছবি ও কার্যবিবরণী |

| | |
|---|---|
| **আলোচ্য সূচী নং- ১২ শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দূর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম ( ৯.১-৯.৫ )**<br><br>আলোচনাঃ<br>কেডিএ'তে শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মকর্তা/কর্মচারীদের নৈতিক মান উন্নয়নের লক্ষ্যে সভা/ সেমিনার , কোন উপলক্ষে সেবা সপ্তাহ পালন , ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতি মোতাবেক সেবা নিশ্চিত ও আর্থিক বিধির বাস্তবায়ন করার হবে বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**সিদ্ধান্তঃ**<br>কেডিএ'তে শুদ্ধাচার সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য কর্মকর্তা/কর্মচারীদের নৈতিক মান উন্নয়নের লক্ষ্যে সভা/ সেমিনার , কোন উপলক্ষে সেবা সপ্তাহ/ সেবা দিবস পালন করতে হবে , ওয়ান স্টপ সার্ভিসের মাধ্যমে সেবা প্রদান প্রতিশ্রুতির যথাযথ অনুসরণ নিশ্চিত ও আর্থিক বিধির যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো। | উপ-পরিচালক ( প্রশাসন ) প্রমাণকঃ অফিস আদেশ , ছবি ও ওয়েবসাইট, নোটিশ. |
| **আলোচ্য সূচী নং-১৩ শুদ্ধাচার চর্চার জন্য পুরস্কার প্রদান (কার্যক্রম ১০.১**<br>আলোচনাঃ<br>শুদ্ধাচার পুরস্কার প্রদান এবং পুরস্কার প্রাপ্তদের তালিকা ওয়েবসাইটে প্রকাশ করার জন্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা আছে মর্মে সভায় আলোচনা হয় । নৈতিকতা কমিটির সুপারিশ ও অনুমোদন মোতাবেক কেডিএ'র ২০২০-২০২১ অর্থবছরে পুরস্কার প্রদানের নিমিত্তে নীতিমালা অনুযায়ী অফিস আদেশ জারীর বিষয়ে প্রশাসন ও সাধারণ শাখা ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সভায় আলোচনা করা হয়।<br><br>সিদ্ধান্তঃ<br>জাতীয় শুদ্ধাচার কৌশলের নির্ধারিত নীতিমালার আলোকে কেডিএ'র ২০২০-২০২১ অর্থবছরে শুদ্ধাচার চর্চার পুরস্কার প্রদানের বিষয়ে নৈতিকতা কমিটির অনুমোদন নিয়ে সে মোতাবেক শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে পরিচালক ( প্রশাসন ও ব্যবস্থাপনা ) অফিস আদেশ জারীর এবং সনদ তৈরীর ব্যবস্থা গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো । | পরিচালক (প্রঃ ওব্যঃ) উপ-পরিচালক ( প্রশাসন ) প্রমাণকঃ আদেশ,পত্র, ওয়েবসাইট |
| **আলোচ্য সূচী নং- ১৪ কর্ম-পরিবেশ উন্নয়নঃ (কার্যক্রম- ১১.১** কর্ম-পরিবেশ উন্নয়ন (স্বাস্থ্যবিধি অনুসরণ/টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধি ইত্যাদি)<br>**আলোচনাঃ**<br>স্বাস্থ্যবিধি অনুসরণ /টিওএন্ডইভুক্ত অকেজো মালামাল বিনষ্টকরণ/পরিষ্কার-পরিচ্ছন্নতা বৃদ্ধির মাধ্যমে কর্ম-পরিবেশ উন্নয়ন করা প্রয়োজন মর্মে সভায় সকলে একমত পোষণ করেন ।<br>**সিদ্ধান্ত ০ঃ**<br>বিস্তারিত আলোচনার পর কেডিএ'র অকেজো মালামালের তালিকা প্রস্তত করে সে গুলি বিনষ্টের ব্যবস্থা করতে, স্বাস্থ্য অধিদপ্তর নির্দেশিত স্বাস্থ্যবিধি পূর্ণরুপে অনুসরণ এবং সার্বিক পরিস্কার পরিচ্ছন্নতা বৃদ্ধি করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো ।<br>**বিবিধ আলোচ্য সূচী নং ১৫ প্রমাণক নির্ভর কার্যক্রম গ্রহণ**<br>**আলোচনা ও সিদ্ধান্তঃ**<br>শুদ্ধাচার , APA , INNOVATION ( উদ্বাবনী ) প্রভৃতির সিদ্ধান্তের বিষয়ে প্রমাণক নির্ভর কার্যক্রম গ্রহণ করতে হবে মর্মে সভায় আলোচনাক্রমে সিদ্ধান্ত গৃহীত হলো । | সংশ্লিষ্ট কমিটি ও দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা |
| **আলোচ্য সূচী নং ১৬ যথাসময়ে ত্রৈ-মাসিক প্রতিবেদন নৈতিকতা কমিটির নিকট দাখিল ।**<br><br>কেডিএ'র ২০২০-২০২১ অর্থ বছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোতে উল্লেখিত লক্ষ্যমাত্রা অনুযায়ী ত্রৈ-মাসিক ভিত্তিতে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করার নির্দেশনা রয়েছে । অনেক ক্ষেত্রে কোন কোন শাখা হতে অগ্রগতি প্রতিবেদন চাহিত সময়ের মধ্যে নৈতিকতা কমিটির নিকট প্রেরণ না করার কারণে ত্রৈ-মাসিক ভিত্তিক অগ্রগতি প্রতিবেদন মন্ত্রণালয়ে | দায়িত্বপ্রাপ্ত সকল পদ/ব্যক্তি/কর্মকর্তা |

প্রেরণে বিঘ্ন সৃষ্টি হয় এমনকি কোন কোন শাখার অগ্রগতি অন্তর্ভুক্ত না করেই প্রতিবেদন প্রেরণ করতে হয়। ফলে বাস্তবায়ন প্রতিবেদনে যথাযথ মান অর্জনের দিক থেকে পিছিয়ে পড়তে হয় মর্মে সভায় আলোচনা হয়।

**সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনার পর স্ব স্ব শাখার ত্রৈ-মাসিক অগ্রগতি প্রতিবেদন যথার্থভাবে চাহিত সময়ের মধ্যে উপযুক্ত প্রমাণকসহ নৈতিকতা কমিটির নিকট প্রেরণ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয় এবং ব্যর্থতায় সংশ্লিষ্ট শাখা প্রধান/ পিডি ব্যক্তিগত ভাবে নৈতিকতা কমিটির সভাপতির নিকট জবাবদিহি করতে বাধ্য থাকবেন মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচ্যসূচী নং ১৭ নৈতিকতা কমিটি পুনর্গঠন**

**আলোচনাঃ**

কেডিএ'র শুদ্ধাচার বাস্তবায়নে আরো গতিশীলতা আনায়ন ও জবাবদিহিতা নিশ্চিতের লক্ষ্যে নৈতিকতা কমিটির পূনর্গঠন করা হয়েছে। উক্ত কমিটির কার্যপরিধি মোতাবেক শুদ্ধাচার বাস্তবায়নে সকল সদস্যকে আরো দায়িত্বশীল হওয়ার জন্য সভাপতি আহবান জানান এবং সকলে এ বিষয়ে একমত পোষণ করেন।

**সিদ্ধান্তঃ**

বিস্তারিত আলোচনার পর কেডিএ'র পূনর্গঠিত নৈতিকতা কমিটি কেডিএ'তে শুদ্ধাচার বাস্তবায়নের জন্য কার্যপরিধি মোতাবেক কার্যক্রম গ্রহণ করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হলো।

সভায় আর কোন আলোচ্য সূচী না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৪/০৫/২২

ব্রিগে: জেনা: মো: মাহবুবুল ইসলাম
চেয়ারম্যান
কেডিএ, খুলনা
ও
সভাপতি
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

স্মারক নং-২৫.৪১.০০০০.০০৭.০৬.১৪.২০- ১২৯২/১৮ তারিখ: ১০ চৈত্র' ১৪২৭ / ২৪ মার্চ'২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরিত হলো:

০১। প্রধান প্রকৌশলী, কেডিএ, খুলনা ।

০২। পরিচালক (প্রশাসন ও ব্যবস্থাপনা ), কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।

০৩। পরিচালক ( এষ্টেট) , কেডিএ, খুলনা ।

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , কেডিএ, খুলনা ও সদস্য, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি ।

০৫। সিনিয়র বৈষয়িক অফিসার, কেডিএ, খুলনা।

০৬। নির্বাহী প্রকৌশলী (র: বে:), কেডিএ, খুলনা।

০৭। অথরাইজড অফিসার, কেডিএ, খুলনা।

০৮। অর্থ ও হিসাব রক্ষণ অফিসার, কেডিএ, খুলনা।

০৯। উপ-পরিচালক ( প্রশাসন), কেডিএ, খুলনা। ( নৈতিকতা কমিটির কার্যবিবরণী মন্ত্রণালয়ে প্রেরণের অনুরোধসহ )।

১০। নির্বাহী প্রকৌশলী (পূর্ত), কেডিএ, খুলনা।

১১। নির্বাহী প্রকৌশলী (প্রকল্প), কেডিএ, খুলনা।

১২। পরিকল্পনা অফিসার, কেডিএ, খুলনা।

১৩। জনাব মুনতাসির মামুন, সহকারী প্রকৌশলী, কেডিএ, খুলনা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা, শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কমিটি।

১৪। সহকারী প্রোগ্রামার ( জনাব মোঃ নাজমুল হুদা ), কেডিএ, খুলনা ও সদস্য ,শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত নৈতিকতা কমিটি (নৈতিকতা কমিটির কার্যবিবরণী শুদ্ধাচার সেবা বক্সে ডাউনলোড করার অনুরোধসহ) ।

১৫। একান্ত সচিব, চেয়ারম্যান, কেডিএ, খুলনা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৪/০৩

(মোঃ মামুনুল আবেদীন)
উপ-পরিচালক ( বাঃ ও নিঃ),
কেডিএ, খুলনা
এবং
সদস্য-সচিব ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা
শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত
নৈতিকতা কমিটি।

O/C